




রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ

Rabindra University, Bangladesh
Cell : 01303017964
E-mail: rabindrauniversity2017@gmail.com
Web Site : www.rub.ac.bd



স্মারক : রবি/প্রশা/অফিস আদেশ/৩৫/২০১৭/২৪১

তারিখ : ১৪ই জ্যৈষ্ঠ ১৪২৭
২৮শে মে ২০২০

জরুরি বিজ্ঞপ্তি

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের (COVID-19) বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব অনুসরণে নিম্নোক্ত শর্তসমূহ যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের মূল অফিসসমূহ ০৩.০৬.২০২০ তারিখ থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত খোলা থাকবে।

১. উক্ত সময়ে বিশ্ববিদ্যালয়ের জরুরি প্রয়োজনে দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য শাহজাদপুরস্থ অস্থায়ী প্রশাসনিক কার্যালয় এবং ঢাকা লিয়াজেঁ অফিস সীমিত সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী দ্বারা পরিচালিত হবে। বিশেষ প্রয়োজনে বিভাগ/দপ্তর প্রধানের নির্দেশে যে কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী দায়িত্ব পালন করবেন। সবাইকে সুরক্ষিত থাকতে এবং পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে।
২. আগামী ১৫ই জুন ২০২০ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস, পরীক্ষা, একাডেমিক কার্যক্রম বন্ধ থাকবে। তবে অনলাইন ক্লাস বা ডিসটেন্স লার্নিং অব্যাহত থাকবে।
৩. অফিস খোলার পূর্বে অফিস এবং সংশ্লিষ্ট ভবনসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন এবং জীবাণুমুক্ত করতে হবে। অফিস প্রধানের নির্দেশে অফিসের প্রয়োজনে গণপরিবহণ ব্যবহার না করে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরিবহণ ব্যবহার করে অফিসে আসতে হবে। এজন্য কর্মকর্তা/কর্মচারীদের নিজ নিজ বাসায় অবস্থান করতে হবে।
৪. বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা ও পরিচ্ছন্নতার কাজে নিয়োজিত কর্মচারীবৃন্দ নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে দায়িত্ব পালন করবেন এবং স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলবেন।
৫. ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন। এক্ষেত্রে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের জন্য সর্বাবস্থায় মাস্ক পরিধানসহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত ১৩ দফা নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে।
৬. জরুরি প্রয়োজন ব্যতীত বহিরাগত কোনো ব্যক্তিকে অফিসে প্রবেশ ও অবস্থান না করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে এ সময়ে সংশ্লিষ্ট সকলকে জনসম্পৃক্ততা এড়িয়ে চলা ও নিরাপদে অবস্থানের জন্য অনুরোধ করা হলো।

মাননীয় উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে—

২৮.০৫.২০২০

(মোঃ সোহরাব আলী)

রেজিস্ট্রার

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

শাহজাদপুর, সিরাজগঞ্জ

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় উপাচার্য মহোদয়/মাননীয় ট্রেজারার মহোদয়, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
২. প্রক্টর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল টিমের সদস্যবৃন্দের অবগতির অনুরোধসহ)
৩. চেয়ারম্যান, রবীন্দ্র অধ্যয়ন/সার্ভিস/অর্থনীতি/ম্যানেজমেন্ট স্টাডিজ/সংগীত বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
৪. পরিচালক (চলতি দায়িত্ব), অর্থ ও হিসাব দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
৫. দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
৬. নিরাপত্তা কর্মকর্তা, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা ও পরিচ্ছন্নতার কাজে নিয়োজিত কর্মচারীবৃন্দের দায়িত্ব বণ্টনের অনুরোধসহ)
৭. সহকারী প্রোগ্রামার, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৮. কর্মকর্তা, ঢাকা লিয়াজেঁ অফিস, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
৯. সংশ্লিষ্ট নথি।